দর্শনা কেরু চিনিকলের শ্রমিক-কর্মচারী ও আখ চাষীরা দ্বিতীয় দিনের মত কর্মবিরতি

চুয়াডাঙ্গা জেলার দর্শনা কেরুজ শ্রমিক ও কর্মচারী এবং আঁখ চাষীদের দ্বিতীয় দিনেও কর্ম বিরতি ও সমাবেশ অব্যহত রেখেছেন।

আজ বুধবার শ্রমিকরা তাদের ৫দফা দাবী সর্ম্পকে মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা কে অবহিত করতে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার বরাবর স্বারকলীপি পেশ করবেন শ্রমিক ও কর্মচারীরা জানান।

এছাড়া বাংলাদেশ কমিউনিষ্ট পার্টির ডাকে আগামী ১০ ডিসেম্বার সকাল ১০টায় দর্শনা প্রেসক্লাবের সামনে মানব বন্ধন করবেন। যেহেতু শ্রমিক কর্মচারী ও আঁখ চাষীদের দাবী একই সে করণে ঐ মানব বন্ধনে সমর্থন জানিয়ে অংশ নেবেন বলে শ্রমিক ইউনিয়নের সভাপতি তৈয়ব আলী তার বক্তব্যে বলেন। দেশের ১৫টি রাষ্ট্রায়ত্ত চিনিকলের লোকসানের বোঝা কমাতে ৬টি চিনিকল বন্ধের প্রতিবাদে দর্শনা কেরু চিনিকলের শ্রমিক-কর্মচারী ও আঁখ চাষীরা কর্ম বিরতী ও সমাবেশ পালন করেছে।

গতকাল বুধবার সকাল ১০টা থেকে বেলা ১২টা পর্যন্ত কেরু এ্যান্ড কোম্পানীর ডিষ্ট্রিলারীর গেটের সামনে এ কর্ম বিরতি ও সমাবেশ করেন। বাংলাদেশ খাদ্যশিল্প করপোরেশন দেশের ৬টি চিনিকল বন্ধের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে গত ৮ডিসেম্বার থেকে দেশের ১৫টি চিনিকলের শ্রকিরা আন্দোলন করে আসছে। এসব চিনিকলগুলোর মধ্যে রয়েছে কুষ্টিয়া, পাবনা, রংপুর, পঞ্চগড় শ্যামপুর ও সেতাবগঞ্জ।

চলতি আঁখ মাড়াই মৌসুম চিনিকল বন্ধের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে বাংলাদেশ চিনিশিল্প করপোরেশন শ্রমিক কর্মচারী ও আঁখচাষী ফেডারেশনের যৌথ উদ্যোগে আন্দোলনে নেমেছে।

চিনিকলের শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি তৈয়ব আলীর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান, আঁখ চাষী কেন্দ্রীয় কমিটির প্রচার সম্পাদক আব্দুল বারী, শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি হাফিজুর রহমান, মনিরুল

ইসলাম প্রিন্স, সহ-সাধারণ সম্পাদক খবির উদ্দিন, শ্রমিক নেতা ফিরোজ আহম্মেদ সবুজ, মেম্বর বাবর আলী,শরিফুল ইসলাম ও আকরাম হোসেন প্রমুখ।

বক্তারা ১৫টি চিনিকল উন্নয়ন করে চালু করার দাবীতে ১৫টি চিনিকলের স্ব-স্ব এলাকায় ১০ ডিসেম্বার জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী বরাবর, স্বারকলীপি পেশ করবেন বলে জানা গেছে।

শ্রমিক-কর্মচারী ও চাষীরা আসন্ন মাড়াই মৌসুম ৯টি চালু ও ৬টি মিল বন্ধের আত্মঘাতি সিন্ধান্ত বাতিল ও প্রত্যাহারের দাবী জানিয়ে বলেন, অন্যথায় সকল মিল বন্ধসহ রেলপথ, সড়কপথ অবরোধসহ মানব বন্ধনের মত নানা কর্মসূচি গ্রহন করা হবে বলে বক্তারা জানান।

অনুষ্ঠান পরিচালনা করেন কেরু শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান।

দর্শনা কেরু চিনিকলের শ্রমিক ও আখ চাষীদের কর্মবিরতি

দেশের ১৫টি রাষ্ট্রায়ত্ত চিনিকলের লোকসানের বোঝা কমাতে ৬টি চিনিকল বন্ধের প্রতিবাদে দর্শনা কেরু চিনিকলের শ্রমিক-কর্মচারী ও আখ চাষীরা কর্মবিরতি ও সমাবেশ পালন করেছে।

গতকাল সকাল ৯টা থেকে বেলা ১১টা পর্যন্ত কেরু এ্যান্ড কোম্পানীর ডিষ্ট্রিলারীর গেটের সামনে এ কর্মবিরতি ও সমাবেশ করেন।

বাংলাদেশ খাদ্যশিল্প করপোরেশন দেশের ৬টি চিনিকল বন্ধের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এসব চিনিকলগুলোর মধ্যে রয়েছে কুষ্টিয়া, পাবনা, রংপুর, পঞ্চগড় শ্যামপুর ও সেতাবগঞ্জ।

চলতি আখ মাড়াই মৌসুমে চিনিকল বন্ধের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে বাংলাদেশ চিনিশিল্প করপোরেশন শ্রমিক কর্মচারী ও আখচাষী ফেডারেশনের যৌথ উদ্যোগে আন্দোলনে নেমেছে।

সোমবার সকাল ৯টা থেকে কেরু চিনিকলের শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি তৈয়ব আলীর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান, আখ চাষী নেতা আব্দুল বারী, শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি হাফিজুর রহমান, মনিরুল ইসলাম প্রিন্স, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সহ-সাধারণ সম্পাদক খবির উদ্দিন, শ্রমিক নেতা ফিরোজ আহম্মেদ সবুজ, মেম্বর বাবর আলী প্রমুখ।

বক্তারা ১৫টি চিনিকল উন্নয়ন করে চালু করার দাবী করেন। এছাড়া আগামী ৯ ডিসেম্বর স্ব-স্ব এলাকায় জেলা প্রশাসক, উপজেলা নিবার্হী বরাবর, স্মারকলিপি পেশ করার কথা জানান। আগামী ১৫ ডিসেম্বর আসন্ন মাড়াই মৌসুমে ৯টি চালু ও ৬টি মিল বন্ধের আত্মঘাতী সিন্ধান্ত বাতিল ও প্রত্যাহারের দাবী জানিয়ে বলেন, অন্যথায় সকল মিল বন্ধ, রেলপথ, সড়কপথ অবরোধসহ নানা কর্মসূচি গ্রহণ করা হবে বলে বক্তারা জানান।

দর্শনার নেহালপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে মনোনয়ন প্রত্যাশী সাইফুল আজম

চুয়াডাঙ্গা জেলার দর্শনার নেহালপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে আ.লীগের মনোনয়ন প্রত্যাশী সাইফুল আজম মিন্টু মোটরসাইকেল শোডাউন করেছে। আসন্ন নেহালপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে চেয়ারম্যান পদে আ.লীগের মনোনয়ন প্রত্যাশী হিজলগাড়ী মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি সাইফুল আজম মিন্টু।

গতকাল বিকাল তিনটায় হিজলগাড়ী মাধ্যমিক বিদ্যালয় মাঠ থেকে বের হয়ে নেহালপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে প্রদক্ষিণ করে নিজ বাসার সামনে গিয়ে শেষ হয়।

মোটরসাইকেল শোডাউন র্যালীতে উপস্থিত ছিলেন নেহালপুর ইউনিয়ন আ.লীগের আহবায়ক মুবারক হোসেন, মীর মফিজ, মীর রাজিব, নুহু নবী,

ডা: কামাল হোসেন, পিনা, বক্কর, মিলটন, সিমুলসহ অনেকে।

দর্শনায় বাউল পরিষদের উদ্যোগে ব্যাডমিন্টন প্রতিযোগিতা

জেলার একমাত্র লোকজ সাংস্কৃতিক সংগঠন বাউল পরিষদের প্রয়াত প্রতিষ্ঠাতা ইসরাইল হোসেন স্মৃতি ব্যাডমিন্টন প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

গতকাল সন্ধ্যায় দর্শনা আকুন্দবাড়িয়া বাউল পরিষদের আয়োজনে অনুষ্ঠিত ব্যাডমিন্টন প্রতিযোগিতার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি দর্শনা থানার অফিসার্স ইনচার্জ মাহাবুবুর রহমান।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, খেলা-ধুলা করলে মন ও শরীর ভাল থাকে। চুপচাপ থাকলে শয়তানে মনে বাসা বাঁধে। আমি দর্শনা এলাকায় অনেকটাই মাদক মুক্ত করতে পেরেছি। খেলা-ধুলাই বেশি ব্যস্ত থাকলে মাদক থেকে দূরে থাকা যায়।

দর্শনা বাউল পরিষদ চত্বরে অনুষ্ঠিত ব্যাডমিন্টন প্রতিযোগিতা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বাউল পরিষদের ও দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, হানিফ মন্ডল ও দারগা মাজহারুল হক।

আলোচনা শেষে দর্শনা থানার অফিসার্স ইনচার্জ উপস্থিত সাধারণ দর্শকের মধ্যে মাস্ক বিতরণ করেন। অনুষ্ঠান পরিচালনা করেন সাংবাদিক আহসান হাবিব মামুন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন, সিপিবির চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি এ্যাডভোকেট শহিদুল ইসলাম, জেলা ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সৈয়দ মজনুর রহমান, জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মঞ্জু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দর্শনা পৌরসভার মেয়র মতিয়ার রহমান, কেরু এ্যান্ড কোস্পানি চিনিকল শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ও বাংলাদেশ চিনিকল শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সহ সাধারণ সম্পাদক তৈয়ব আলী, আখচাষী ফেডারেশনের সভাপতি আব্দুল হান্নান ও সাধারণ সম্পাদক আব্দুল বারী বক্তব্য রাখেন।

এছাড়া বিভিন্ন শ্রেণী পেশার মানুষ সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা চেম্বার এ্যান্ড কমার্সের পরিচালক হারুন অর রশিদ, আখচাষী ফেডারেশনের উপদেষ্টা আকমত আলী, দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন, দর্শনা গণউন্নয়ন গ্রন্থাগারের পরিচালক আবু সুফিয়ান, ওয়েভ ফাউন্ডেশনের উপ-পরিচালক জহির রায়হান, দর্শনা অনির্বাণ থিয়েটারের সভাপতি ফজুলুল হক, কেরু এ্যান্ড কোস্পানি চিনিকল শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাবেক সহ-সভাপতি ফারুক আহমেদ, ও সহ-সাধারণ সম্পাদক খবির উদ্দিন, কেরু এ্যান্ড কোস্পানি চিনিকল শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সদস্য হাফিজ আহমেদ, শ্রমিক নেতা ফিরোজ আহম্মেদ সবুজ ও মনিরুল ইসলাম প্রিন্স।

বক্তারা ৫দফা দাবী বাস্তবায়নের দাবী জানিয়ে বলেন, চিনিকলে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের ৫-৬ মাসের বকেয়া বেতনসহ সকল পাওয়নাদি এবং অবসরপ্রাপ্ত শ্রমিক-কর্মচারীদের গ্রাচ্যুইটির টাকা পরিশোধ, চিনিকল বন্ধের প্রক্রিয়া বাতিল, আসন্ন মাড়াই মৌসুম (২০২০-২০২১) পূর্বে যাবতীয় মালামাল সরবরাহ করতে হবে, আখ উৎপাদনের স্বার্থে সার,বীজ ও কীটনাশকসহ জরুরি উপকরণসমূহ সরবরাহ করতে হবে ও আখচাষীদের আখের বকেয়া মূল্য পরিষদ করতে হবে। তারা আরো বলেন, চিনিকল গুলো বন্ধ করা হলে প্রতি কেজি ৩০০ টাকা দরে চিনি কিনতে হবে।

[redacted]

[redacted]

দর্শনার কেরুতে ৫ দফা দাবিতে গেইট মিটিং

৫ দফা দাবিতে চুয়াডাঙ্গা জেলার দর্শনা কেরু এন্ড কোম্পানি চিনিকলে গেইট মিটিং অনুষ্ঠিত হয়েছে।

চিনিকল সমূহ বন্ধের সরকারি পরিকল্পনার প্রতিবাদে বাংলাদেশ চিনিকল শ্রমিক-কর্মচারী ফেডারেশন ও বাংলাদেশ চিনিকল আখচাষি ফেডারেশন কর্তৃক ঘোষিত এ মিটিং অনুষ্ঠিত হয়।

গতকাল শনিবার সকাল ১০ ঘটিকায় কেরু শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের আয়োজনে চুয়াডাঙ্গার দর্শনা কেরু এন্ড কোম্পানির ক্রেন কেরিয়ারে গেট মিটিং অনুষ্ঠিত হয়।

কেরু এন্ড কোস্পানি চিনিকলের শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ও বাংলাদেশ চিনিকল শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সহ-সাধারণ সম্পাদক তৈয়ব আলীর সভাপতিত্ব অনুষ্ঠিত গেইট মিটিং এ বক্তব্য রাখেন, কেরু এন্ড কোস্পানি চিনিকলের শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক ও বাংলাদেশ চিনিকল শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সভাপতি মাসুদুর রহমান, দর্শনা আখচাষি কল্যাণ ফেডারেশনের সহ-সভাপতি ওমর আলী ও সাধারণ সম্পাদক আব্দুল বারী, কেরু এন্ড কোস্পানির শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সাবেক সহ-সভাপতি মোঃ ফারুক আহমেদ, ও সহ-সাধারণ সম্পাদক খবির উদ্দিন, কেরু এন্ড কোস্পানি শ্রমিক-কর্মচারী ইউনিয়নর সদস্য হাফিজ আহমেদ এবং শ্রমিক নেতা ফিরোজ আহম্মেদ সবুজ।

কেরু এন্ড কোস্পানির শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক ও বাংলাদেশ চিনিকল শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সভাপতি মাসুদুর রহমান বলেন, গেইট মিটিং এর মাধ্যমে প্রতিবাদ কর্মসূচি শুরু হলো, ২৮ নভেম্বর শনিবার স্ব-স্ব চিনিকল এলাকায় আখচাষি ও শ্রমিক-কর্মচারীদর সমম্বয়ে মানববন্ধন, প্রত্যেকটি চিনিকল এলাকায় পোস্টার, ব্যানার ও লিফলট বিতরণ, একই সঙ্গ ১৫টি চিনিকলে মাড়াই মৌসুমের তারিখ নির্ধারণ না হওয়া পর্যন্ত কোন চিনিকলর বয়লারে স্লো ফায়ারিং করা যাবে না।

এছাড়া গেইট মিটিং থেকে ৫দফা দাবী বাস্তবায়নের দাবী জানানো হয়, এগুলা হলো, চিনিকল নিয়োজিত শ্রমিক-কর্মচারীদর ৫-৬ মাসের বকেয়া

বেতনসহ সকল পাওনাদি এবং অবসরপ্রাপ্ত শ্রমিক-কর্মচারীদর গ্রাচ্যুইটির টাকা পরিশাধ, চিনিকল বন্ধের প্রক্রিয়া বাতিল, আসন্ন মাড়াই মৌসুম (২০২০-২০২১) পূর্ব যাবতীয় মালামাল সরবরাহ করেত হবে , আখ উৎপাদনের স্বার্থে সার,বীজ ও কীটনাশকসহ জরুরী উপকরণসমূহ সরবরাহ করতে হবে ও আখচাষিদর আখের বকেয়া মূল্য পরিশোধ করত হবে।

কেরু এন্ড কোস্পানি চিনিকলের শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ও বাংলাদেশ চিনিকলের শ্রমিক-কর্মচারী ফেডারেশনের সহ-সাধারণ সম্পাদক তৈয়ব আলী বলেন, বিভিন্ন ভুল সিদ্ধান্ত চিনিকল শ্রমিক-কর্মচারীদের ওপর চাপিয়ে চিনিকল বন্ধের পায়তারা করা হচ্ছে, যা আমাদর জন্য দুর্বিষহ পরিবশ তৈরি করছে।

দর্শনা-মুজিবনগর মহা সড়কে কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা-মুজিবনগর মহাসড়কে টু লেন নতুন রাস্তার কাজের উদ্বোধন হয়েছে।

গতকাল শনিবার বেলা ১১ টার দিকে দর্শনা বাস স্টেশন চত্বরে দর্শনা- মুজিবনগর সড়ক উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে রাস্তা উদ্বোধন করেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মনিরা পারভীন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, নির্বাহী প্রকৌশলী নজরুল ইসলাম, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলম, ঠিকাদার জহিরুল ইসলাম, আ’লীগ নেতা- বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, গোলাম ফারুক আরিফ, যুবলীগ নেতা- আব্দুল হান্নান ছোট প্রমুখ।

দর্শনা-মুজিবনগর সড়কে টু লেন নতুন রাস্তার কাজ দামুড়হুদা উপজেলার

দর্শনা থেকে নাটুদহ ২৩ কিলোমিটার পর্যন্ত ১ শত ২০ কোটি টাকা ব্যয় ও মেহেরপুর মুজিবনগর উপজেলার ৭ কিলোমিটার পর্যন্ত রাস্তার কাজে ২৯ কোটি টাকা মোট ১ শত ৪৯ কোটি টাকা ব্যয়ে রাস্তা নির্মাণ করা হবে।

দর্শনা থানার ওসি পঞ্চম বারের মতো জেলার শ্রেষ্ঠ অফিসার মনোনীত

চুয়াডাঙ্গা জেলার দর্শনা নতুন থানা হিসেবে ঘোষণার পর প্রথম ওসি হিসেবে দায়িত্বে যোগদান করেন ওসি মাহাব্বুর রহমান কাজল।

নতুন দর্শনা থানাতে যোগদান দিতে না দিতেই দর্শনার বড় বড় মাদক ব্যাবসায়ীদের ঘুম হারাম হয়ে যায় ওসি মাহাব্বুর রহমান কাজল এর কারণে।

মাদক বিরোধী অভিযান চালিয়ে একে একে ছোট- বড় বিভিন্ন মাদকের চালান ধরা পড়ে তার কাছে। আর সততার সাথে দায়িত্ব পালন ও অন্যায় কে আপোশ না করার কারণে পঞ্চম বারের মত জেলার শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ মনোনীত হলেন দর্শনা থানার অফিসার জনাব মাহাব্বুর রহমান কাজল।

গতকাল ১৯/১১/২০২০ ইং তারিখ পুলিশ সুপার কর্তৃক আয়োজিত বিশেষ কল্যাণ সভায় ক্রেস্ট এবং সম্মাননা সার্টিফিকেট তুলে দেন খুলনা রেঞ্জ ডিআইজি ড. খঃ মহিদ উদ্দিন বিপিএম বার।